দৈনিক জনকণ্ঠ

29 APR 1995

তারিখ ...

পৃষ্ঠা ... কলাম ...

51

# নতুন প্রতিষ্ঠিত ৫টি মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের ভবিষ্যত অনিশ্চিত

মোস্তফা ফিরোজ

নতুন প্রতিষ্ঠিত দেশের পাঁচটি মেডিক্যাল কলেজের শিক্ষার্থীদের ভবিষ্যত অনিশ্চিত। মেডিক্যাল শিক্ষার আনুষঙ্গিক উপকরণ ছাড়াই চালু করা হয়েছে এসব মেডিক্যাল কলেজ। ফলে এ কলেজগুলোর প্রায় সাড়ে ১৩শ' ছাত্রছাত্রী প্রয়োজনীয় সুযোগ-সুবিধার অভাবে অনিশ্চয়তায় দিন পার করছে। প্রতিষ্ঠিত অন্যান্য মেডিক্যাল কলেজের সঙ্গে এ কলেজগুলোর শিক্ষার্থীদের শিক্ষার মানে বিস্তর ব্যবধান গড়ে উঠছে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, মেডিক্যাল শিক্ষার জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধার ব্যবস্থা না করে চলতি বছর পুনরায় ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে। ফরিদপুর, দিনাজপুর, বগুড়া, খুলনা ও কুমিল্লা এ পাঁচটি মেডিক্যাল কলেজে এ বছর ৫০ জন করে মোট আড়াই শ' ছাত্রছাত্রী ভর্তি করা হবে। এতে মেডিক্যাল শিক্ষা সঙ্কট আরও বাড়বে বলে জানা গেছে। বর্তমানে অধ্যয়নরত এ কলেজগুলোর ছাত্রছাত্রীরা তাদের পড়াশোনার সমস্যা নিয়ে হিমসিম খাচ্ছে। এর মধ্যে আরও ছাত্রছাত্রী যুক্ত হলে সমস্যা তীব্রতর হবে বলে স্বাস্থ্য মন্ত্রণালয়ের একজন উর্ধতন কর্মকর্তা স্বীকার করেন। তিনি অবশ্য জানান, ভর্তিচ্ছু শিক্ষার্থীদের চাপ এতই যে ভর্তি বন্ধ রাখা হলে বিরূপ প্রতিক্রিয়া দেখা দেবে। তিনি জানান, একটি প্রকল্পের অধীনে এ কলেজগুলো তৈরি করা হয়েছে। মেডিক্যাল শিক্ষা অত্যন্ত ব্যয়বহুল হওয়ায় এক সঙ্গে পাঁচটি মেডিক্যাল কলেজে সকল সুযোগ-সুবিধা নিশ্চিত করা যাবে না। এর জন্য পর্যায়ক্রমিক কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে বলে তিনি জানান।

সূত্র জানায়, নতুন এই পাঁচটি মেডিক্যাল কলেজের প্রথম ব্যাচ বর্তমানে তৃতীয় বর্ষে পদার্পন করেছে। কিন্তু এখনো পর্যন্ত তারা ল্যাবরেটরি, মর্গ, ওয়ার্ড, অপারেশন থিয়েটারসহ অন্যান্য প্র্যাকটিক্যাল কাজের সুবিধা ঠিকমতো পাচ্ছে না। এসব কলেজ স্থানীয় জেলা হাসপাতালগুলোর সঙ্গে সংযুক্ত। কিন্তু হাসপাতালগুলোতে নেই আধুনিক চিকিৎসা সরঞ্জাম। ফলে শিক্ষার্থীদের প্র্যাকটিক্যালে প্রচুর অসুবিধা ভোগ করতে হচ্ছে। সবচেয়ে বড় অসুবিধা হচ্ছে শিক্ষক স্বল্পতা। মন্ত্রণালয়ের একজন যুগ্ম-সচিবও বলেছেন, বিজ্ঞপ্তি দিয়েও চাহিদামাফিক শিক্ষক পাওয়া যাচ্ছে না। নতুন কলেজগুলো চলছে জুনিয়র লেকচারার দিয়ে। তিনি জানান, কলেজগুলো চালাতে হলে এখন প্রতিষ্ঠিত কলেজগুলো থেকে ডেপুটেশনে শিক্ষক নিয়োগ দিতে হবে।

সূত্র জানায়, পাঁচটি মেডিক্যাল কলেজে ছাত্রাবাস তৈরি না হওয়ায় শিক্ষার্থীদের সমস্যা হচ্ছে। শহরে বাসা ভাড়া করে তাদেরকে থাকতে হচ্ছে বলে তাদের শিক্ষাব্যয়ও বেড়ে গেছে। মেডিক্যাল কলেজগুলোতে প্রয়োজনীয় শিক্ষার সুযোগ-সুবিধার দাবিতে গতবছর কলেজের শিক্ষার্থীরা সরকারের কাছে দাবি-দাওয়া পেশ করেছিল। এসব দাবি পূরণের আশ্বাস দেয়া হলেও তা পুরোপুরি বাস্তবায়িত হয়নি।